

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

তাগিদপত্র

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১২০

তারিখ: ৫ আষাঢ় ১৪২৬

১৯ জুন ২০১৯

বিষয়: শিক্ষার্থীদের ভুল উত্তর রাবার দিয়ে মুছে শুদ্ধ উত্তর লিখে নম্বর প্রদানের অভিযোগ।

সূত্র: ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৯৬.১৮-৮৯৩,

তারিখ: ০৬ মার্চ ২০১৯।

২) অত্র বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১০২, তারিখ: ১৩/৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা এর মতিঝিল, বনশ্রী ও মুগদা শাখায় ২০১৮ সালে ২য় ও ৩য় শ্রেণিতে ভর্তি পরীক্ষার উত্তরপত্রে ঘষামাজা সংক্রান্ত আনীত অভিযোগ তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হওয়ায় কেন অধ্যক্ষ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ এর বেতন-ভাতাদি বন্ধ করা হবে না তার কারণ দর্শিয়ে অধ্যক্ষের বক্তব্য গ্রহণপূর্বক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি কোনো প্রতিবেদন মন্ত্রণালয়ে পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, কেন অধ্যক্ষ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ এর বেতন-ভাতাদি বন্ধ করা হবে না তার কারণ দর্শিয়ে অধ্যক্ষের বক্তব্য গ্রহণপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন জরুরিভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

১৯-৬-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১২০/১(৩)

তারিখ: ৫ আষাঢ় ১৪২৬

১৯ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৯/৬

১৯-৬-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব